# i GRAMMAR i

## Sentence (বাক্য) 1

আমরা ছবিটিতে দেখতে পাি" ছ কিছু Word পাশাপাশি বসানো হয়েছে (shells, Stan, some, saw)। কিন্তু কোনো ভাব প্রকাশ পায়নি। কিন্তু উপরে সেই শব্দগুলোই আবার সঠিকভাবে সাজিয়ে লেখা হয়েছে (Stan saw some shells.) এবং একটি স•ষ্ট ভাব প্রকাশ করেছে।




এভাবে, **এক বা একাধিক শ□ পাশাপাশি বসে যখন পরিষ্কার অর্থ প্রকাশ করে তখন তাকে Sentence (বাক্য) বলে।**

- প্রতিটি Sentence এর প্রথম Letter টি Capital হবে।

**Parts of a Sentence (বাক্যের অংশ)**

Sentence বা বাক্যের দুটি অংশ থাকে–

(i) Subject (উদ্দেশ্য)
(ii) Predicate (বিধেয়)

নিম্নে এদের সংজ্ঞাসহ উদাহরণ দেওয়া হলো :

(i) Subject (উদ্দেশ্য) : যে ব্যক্তি বা বস্তু সম• র্কে বলা হয় তাকে Subject বলে। যেমন :

He is a doctor.
↓
Subject

(ii) Predicate (বিধেয়) : Subject সম• র্কে যাহা বলা বা লেখা হয় তাকে Predicate বলে। যেমন–

He is a doctor.
↓
Predicate

এবার নিচের বাক্যগুলো লক্ষ কর :

| *Subject* | *Predicate* |
|---|---|
| Nidhi (নিধি) | reads in class VII. (সপ্তম শ্রেণিতে পড়ে।) |
| She (সে) | is a good student. (একজন ভাল ছাত্রী।) |
| She (সে) | comes first in her class. ( সে তার শ্রেণিতে প্রথম হয়।) |

প্রথম বাক্যটিতে নিধি সম্বন্ধে বলা হ" ছ। তাই Nidhi হল Subject। আবার নিধি সম্বন্ধে যা বলা হ" ছ তা হল 'reads in class VII'। তাই 'reads in class VII' হ" ছ Predicate।

## Types of Sentences




Snake: Where are the frogs?
Frog: The snake is coming! Let's hide.
Monkey: The snake is after the frogs again.
Tortoise: Don't kill them, please.

কথোপকথনে দেখতে পাই Monkey, Frog, Snake ও Tortoise কথা বলার সময় বিভিন্ন ধরনের বাক্য ব্যবহার করেছে। কখনো প্রশ্ন করা হয়েছে, কখনো বিস্ময় প্রকাশ করা হয়েছে, আবার কখনো প্রস্ত্মাব করা হয়েছে। এভাবে Function (কাজ) অনুযায়ী বাক্যকে পাঁচ ভাগে ভাগ করা যায়। যথা :

i) Assertive Sentence
ii) Interrogative Sentence
iii) Imperative Sentence
iv) Optative Sentence
v) Exclamatory Sentence

## Assertive Sentence (wee„wZg, jK evK¨)



Shahida Begum is teaching her students and Kamal is listening to her.

পাশের ছবিটিতে শাহিদা বেগম কী করছেন তা বর্ণনা করার জন্য উপরের বাক্যটি লেখা হয়েছে। এভাবে, কোনো কিছু বর্ণনা বা বিবৃতি করার জন্য যে বাক্য ব্যবহার করা হয় তাকে Assertive Sentence (Statement) বলে।

**গঠনপ□ালি (Structure) :**

Subject + Verb + Extension + Full stop
The bird + flies.
The boy + is playing + football + in the field.
Honesty + is + the best policy.

**Functions (কার্যাবলি) :**

১. তথ্য প্রদান-Kazi Nazrul Islam was born in 1899.
২. বর্ণনা-There are rows of trees on both sides of the river.
৩. পরোক্ষ উক্তি-He said that she was honest.
৪. সংজ্ঞা দেওয়া-Greenhouse effect means gradual warming of the air.
৫. সম্ভাবনা বা ক্ষমতা প্রকাশ/ অনুমতি প্রদান-You may go now.

## Interrogative Sentence (cÖkœ‡evaK evK¨)

নিচের সালাম ও সাবিনার কথোপকথন লক্ষ কর:

Salam : Have you got any brothers, Sabina? তোমার কি কোনো ভাই আছে, সাবিনা?
Sabina : I've got two brothers. আমার দুই ভাই আছে।
Salam : What are their names? তাদের নাম কী কী?
Sabina : Hasan and Arif. হাসান এবং আরিফ।

উপরের কথোপকথনে সালাম সাবিনার ভাই-বোনদের ব্যাপারে জিজ্ঞেস করছে এবং সাবিনা তা বর্ণনা করছে। তাই সালাম তথ্য জানার জন্য যে বাক্যগুলো ব্যবহার করেছে তা Interrogative Sentence এবং সাবিনা তা বর্ণনা করার জন্য যে বাক্যগুলো ব্যবহার করেছে তা Assertive Sentence ।



অর্থাৎ, যে বাক্য দ্বারা কোনো কিছু জানতে চাওয়া হয়, তাকে Interrogative Sentence (Question) বলে।

**গঠনপ□ালি : (Structure) :**

**# 1 :** Be/ Auxiliary/ Modal + Sub. + Verb + Extension + ?
Are + you + doing + your homework + ?
Is he a teacher?
Should I go there?

**Note :** Am, is, are, was, were, be ইত্যাদির পর ম– ল

holycrossrajshahi.com



Verb না বসলে এগুলো Be verb বলে। কিন্তু এদের পর যদি ম– ল Verb বসে তবে এদেরকে Auxiliary/ Helping Verb বলে। যেমন– উপরের প্রথম বাক্যে Are হ" ছ Auxiliary কিন্তু দ্বিতীয় বাক্যে Is হ" ছ Be verb.

**# 2 :** WH-Word + Auxiliary/ Modal + Verb + Extension + ?
What do you want?
When have you bought the shirt?
What can you do now?

**Note :** Who (কে/ কারা), Whom (কাকে/ কাদেরকে), Whose (কার/কাদের), Why (কেন), What (কী), Which (কোনটি/ কোনগুলো), When (কখন), Where (কোথায়), How (কীভাবে/কত), How Much (কতটুকু), How Many (কতগুলো) ইত্যাদিকে WH-Words বা WH– Question বলে।

**# 3 :** বাক্যে কোনো Be/Auxiliary/Modal না থাকলে Present Tense এর ক্ষেত্রে do/does এবং Past Tense এর ক্ষেত্রে did আনতে হয়।
Do they play football everyday?
Does he go to school in the morning?
Did he come yesterday?

**# 4 :** প্রশ্নবোধক শব্দ নিজে Subject হলে do/ does/ did আনতে হবে না।
Who came yesterday?
Who knows the matter?
What pains me?

**Functions (কার্যাবলি) :**
১. তথ্য জানতে চাওয়া-What is he doing?
২. অনুমতি চাওয়া-May I come in, sir?
৩. অনুরোধ করা-Could you please open the door?

## Imperative Sentence (Av‡`k/ Aby‡ivag–jK evK¨)




পাশের চিত্রে দেখা যা" ছ একজন Police Officer একজন ব্যক্তিকে হাত তুলতে নির্দেশ দি" ছ। অপরপক্ষে ঐ ব্যক্তি তাকে গুলি না করতে অনুরোধ করছে।

এভাবে, **যে বাক্য দ্বারা আদেশ, উপদেশ, নিষেধ, প্রস্তাব বা অনুরোধ প্রকাশ করা হয় তাকে Imperative Sentence (Command/ Request) বলে।**

**গঠনপ্রণালি** (Structure) :

(i) Subject যদি you হয় তবে you উহ্য থাকে এর পর Verb + Extension + Full Stop
(You) Speak + the truth.
(You) Go to school every day.
(You) Brush your teeth every day.

(ii) Subject যদি 1st person বা 3rd person হয় তবে:
Let + Subject এর Object রূপ + Verb + Extension + Full Stop
Let + me + do + the work.
Let us go for a walk.
Let the prayer begin.

Point to remember :

- Imperative Sentence এর Verb টির ম– ল রূপ (Base Form ) বসে।
- Imperative Sentence এ Request বুঝাতে Please ব্যবহার করা হয়। যেমন: Please, don't forget to write.
- Could you please, Would you please দিয়ে প্রশ্ন করেও Request বুঝানো হয়। যেমন: Would you please shut the door?

**Functions (কার্যাবলি) :**
১. আদেশ করা-Get out just now.
২. অনুরোধ করা-Please open the door.
৩. নিষেধ করা-Do not run in the sun.
৪. উপদেশ দেয়া-Never tell a lie.
৫. নির্দেশনা দেয়া-Turn to left, then right and there is the office.
৬. প্রস্তাব করা-Let's play football.



৭. স্মরণ করিয়ে দেয়া-Don't forget to bring the book.

## Optative Sentence (Avkxe©v`g–jK evK¨)

**আশীর্বাদ করার জন্য যে বাক্য ব্যবহার করা হয়, তাকে Optative Sentence বলে।** লক্ষ কর:
May you live long.
May Allah help you.

**গঠনপ্রণালি :** (Structure):
May + Subject + Verb (ম– ল রূপ) + Extension + Full Stop
May you pass the examination.
May you be happy in life.
May Bangladesh live long.
কখনো কখনো May বাদ দিয়ে বাক্য গঠন করা যায়।
Long live Bangladesh.

**Functions (কার্যাবলি) :**
১. কারো ভালো/মন্দ কামনা করা-Wish you good luck.
২. কারো জন্য প্রার্থনা করা-May God help you.

## Exclamatory Sentence (we`Sqm PK evK¨)

Hooray! We have won the game!
দেখা যা" ছ, ছেলেরা তাদের আনন্দ প্রকাশ করার জন্য Exclamatory word ব্যবহার করেছে।

এভাবে, **দুঃখ, আনন্দ, বিস্ময়, আবেগ ইত্যাদি প্রকাশ করতে যে বাক্য ব্যবহার করা হয়, তাকে Exclamatory Sentence বলে।**

**গঠনপ্রণালি : (Structure) :**

(i) দুঃখ, আনন্দ, বিস্ময়বোধক শব্দ + Exclamation mark + Assertive
Alas + ! + He is no more.
Hurrah! We have won the match.




(ii) How + adjective/ Adverb + Subject + Verb + Exclamation mark
How + beautiful + the bird + is + !
How + swiftly + he + runs + !

(iii) What + Noun/ Noun Phrase + Subject + Verb + Exclamation mark
What + a beautiful bird + it + is + !

**Functions (কার্যাবলি) :**

holycrossrajshahi.com



১. আনন্দ, দুঃখ, বিস্ময়, কর" া প্রকাশ
২. বিরক্তি প্রকাশ

পাঁচ প্রকার Sentence দ্র" ত চেনার চমৎকার একটি technique নিচে দেয়া হল :

| | শুর" | শেষ |
|---|---|---|
| 1. Assertive | Subject দ্বারা | full stop দ্বারা |
| 2. Interrogative | i) Be/ Aux/ Modal/ WH Question দ্বারা | '?' চিহ্ন দ্বারা |
| 3. Imperative | i) Verb/ Let দ্বারা<br>ii) Please/ Kindly ইত্যাদি দ্বারা | full stop দ্বারা |
| 4. Optative | May/ Long live দ্বারা | full stop দ্বারা |
| 5. Exclamatory | i) How/ What a বা an দ্বারা<br>ii) Exclamatory বাচক শব্দ দ্বারা | '!' চিহ্ন দ্বারা |

## Negative Sentence (bv †evaK evK¨)

Assertive, Interrogative, Imperative, Optative এই বাক্যগুলো আবার Affirmative (হ্যাঁ বোধক) ও Negative (না বোধক) হতে পারে। উপরের আলোচনায় Affirmative (হ্যাঁ বোধক) বাক্যের গঠন দেখানো হয়েছে। নিচে এই বাক্যগুলোকে কীভাবে Negative (না বোধক) করা যায় তা আলোচনা করা হলো।

(i) Be/ Modal/ Helping verb এর সাথে not যোগ করে Negative Sentence গঠন করা হয়।

| *Affirmative* | *Negative* |
|---|---|
| We have forgotten him. | We have not forgotten him. |
| It was raining. | It was not raining. |
| You must worry. | You must not worry. |
| Has he gone there? | Has he not gone there? |
| Is Rahim honest? | Is not Rahim honest? |
| He is a student | He is not a student. |

- Interrogative-এর negative করার সময় খেয়াল রাখতে হবে Subject-টি Pronoun হলে Not বসবে পরে এবং Subject-টি Noun হলে Not বসবে আগে ।

(ii) Be/ Modal/ Helping verb না থাকলে do/ does/ did-কে Helping Verb হিসেবে আনতে হবে এবং এর সাথে not যোগ করতে হবে।

| *Affirmative* | *Negative* |
|---|---|
| I like ice cream. | I do not like ice cream. |
| I went there. | I did not go there. |
| He goes to school late. | He does not go to school late. |
| Make a noise. | Do not make a noise. |
| Tell a lie. | Do not tell a lie. |

Point to remember :

- Present Simple Tense এর ক্ষেত্রে Subject টি 3rd Person Singular হলে does বসবে এবং অন্যান্য ক্ষেত্রে do বসবে।
- Past Simple Tense এর ক্ষেত্রে did বসবে।

(iii) Noun এর প– র্বে No ব্যবহার করে। এক্ষেত্রে No এর অর্থ হয় Not any।
I have no pen. I have not any pen.
No man is mortal. Not any man is mortal.

(iv) Negative words (never, seldom, hardly, scarcely, few, little, rarely, neither, no one, nobody, nothing) ব্যবহার করা।
Never tell a lie.
He hardly comes here.
I have few friends.

(v) সাধারণত একই বাক্যে double negative ব্যবহার করা হয় না। কারণ তাতে হ্যাঁ বোধক অর্থ প্রকাশ করে।
I could see nobody.
(~~I could not see nobody~~)
I could not see anybody.
এভাবে not ব্যবহার করলে Nobody এর পরিবর্তে anybody, No one এর পরিবর্তে any one, Nothing এর পরিবর্তে anything; Never এর পরিবর্তে Ever/ Always ব্যবহার করতে হবে। যেমন–
Nobody is perfect.
Not anybody is perfect.

## Practice

**A. Write what kind of sentences are the following ones.** (নিম্নের বাক্যগুলো কোনো প্রকারের বাক্য তা লিখ।)

1. May I come in?
2. The teacher looked up.
3. Why are you late?
4. I am sorry.
5. How beautiful!
6. I could not get any rickshaw.
7. Try not to be late again.
8. Tell me a story.
9. I'm busy now.
10. Let me finish cooking first.
11. Can I go and watch the TV?
12. Well done!
13. Take enough rest.
14. Mom, tell me a story.
15. Are they here?

**B. Write an assertive sentence as answer to each of these questions.** (প্রশ্নগুলোর উত্তরে assertive sentence লিখ।)

(i) Can you speak English?
(ii) What do you eat for breakfast?
(iii) Is the rainbow beautiful?
(iv) Who is your favourite actor?
(v) What do you do after school?

**C. Write an imperative sentence in response to each of the followings.**

(i) It's dark and you want someone to switch on the light.

holycrossrajshahi.com



(ii) Someone is stepping on your toe.
(iii) You need a glass of water.
(iv) Someone is tearing your book.
(v) You see someone teasing a dog.

**D. Write an exclamatory sentence in response to each of the followings.**
(i) You have found your lost book.
(ii) You see a beautiful flower.
(iii) You see a friend in the street.
(iv) You like your friend's hat very much.
(v) You are very happy that you have passed your exam.

**Answer**

**A.** 1. Interrogative 2. Assertive 3. Interrogative 4. Assertive 5. Exclamatory 6. Assertive 7. Imperative 8. Imperative 9. Assertive 10. Imperative 11. Interrogative 12. Exclamatory 13. Imperative 14. Imperative 15. Interrogative

**B.** (i) Yes, I can./ No, I can't. (ii) I eat some ruti and vegetables. (iii) Yes, the rainbow is beautiful. (iv) My favourite actor is Amir Khan. (v) I play in the field after school.

**C.** (i) Switch on the light. (ii) Please, stay aside. (iii) Give me a glass of water. (iv) Don't tear my book. (v) Don't tease the dog.

**D.** (i) Wow! I have found my lost book.
(ii) What a beautiful flower it is!
(iii) Hello, Friend!
(iv) How nice your hat is!
(v) Hurrah! I have passed the exam.

# Parts of Speech 2




'Parts' অর্থ অংশসম– হ আর 'Speech' অর্থ বক্তব্য বা বাক্য। সুতরাং Parts of speech-এর অর্থ বাক্যের অংশ বা পদসম– হ। নিচের বাক্যটি পড় :

উপরের বাক্যটি কিছু শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। এই প্রতিটি শব্দই এক একটি Parts of Speech।

সংজ্ঞাটি এমন, **বাক্যের অন্তর্গত পৃথক পৃথক অর্থবোধক প্রতিটি শব্দকে Parts of Speech বলে।** উপরের 'Wow! The hungry Tom chased Jerry under the table and quickly caught it' এই বাক্যটিতে মোট তেরটি শব্দ রয়েছে এবং এই তেরটি শব্দই এক একটি Parts of Speech।

## Kinds/ Classification (প্রকারভেদ) :

কাজ (Function) ও অর্থ (Meaning) অনুযায়ী ইংরেজিতে Parts of Speech কে আট ভাগে ভাগ করা হয়। যথা :
1. Noun (বিশেষ্য)
2. Pronoun (সর্বনাম)
3. Adjective (বিশেষণ)
4. Verb (ক্রিয়া)
5. Adverb (ক্রিয়া বিশেষণ)
6. Preposition (পদান্বয়ী অব্যয়)
7. Conjunction (সংযোজক অব্যয়)
8. Interjection (বিস্ময়সূ– চক অব্যয়)

**1. Noun (বিশেষ্য) :** যে word দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী, পদার্থ, গুণ ইত্যাদির কিংবা কোনো কাজের নাম বুঝায় তাকে Noun বলে। (A Noun is the name of a person, thing, place, quality, substance or a group.)
সংক্ষেপে কোনো কিছুর নামকেই Noun বলে। (A Noun is the name of anything.)

**উদাহরণ :**

**Person** (ব্যক্তি) : Rasel, Ripon, Hena, Kona, Raiyan, Mamun ইত্যাদি।

**Things** (বস্তু) : Chair, Table, Pen, Phone, Fan, Paper ইত্যাদি।

**Place** (স্থান) : Dhaka, Mumbai, London, Sydney ইত্যাদি।

**Animal** (প্রাণী) : Dog, Cat, Tiger, Cow, Monkey ইত্যাদি।

**Quality** (গুণ) : Kindness, Honesty, Knowledge, Punctuality ইত্যাদি।

**Work** (কাজ) : Work, Dance, Destruction ইত্যাদি।

**2. Pronoun (সর্বনাম) :** Noun-এর পরিবর্তে যে সকল শব্দ ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। (A Pronoun is a word which is used instead of a Noun.)

**উদাহরণ :** I, we, you, he, she, they, her, me, my,

holycrossrajshahi.com



your, our, us, him, his, them, their, it ইত্যাদি।

মনে রাখবে, Pronoun-র First, Second এবং Third person হয়। যেমন, I, we, me, us, my, mine, our, ours first person.

you, your, yours– second person

He, She, His, Her, They, Their, It, Its ইত্যাদি Third person.

3. **Adjective (বিশেষণ) :** যে word দ্বারা কোনো Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ পায় তাকে Adjective বলে। (An Adjective is a word that expresses the quality, quantity, condition or number of a Noun or Pronoun.)

**উদাহরণ :** good, bad, ill, old, some, little, wise, five, ugly, poor ইত্যাদি।

মনে রাখবে, Adjective Noun/ Pronoun টি কেমন, কতগুলো, কতখানি ইত্যাদি নির্দেশ করে। এখন নিচের Sentence গুলো খেয়াল কর।

Jamal is a <u>brilliant</u> student.

I have <u>two</u> pens.

The sky is <u>large</u>.

I have <u>much</u> money.

উপরের Sentence গুলোতে underline করা শব্দগুলো এক একটি Adjective। শব্দগুলো কেমন, কতগুলো, পরিমাণ নির্দেশ করে।

4. **Verb (ক্রিয়া) :** যে word দ্বারা কোনোকিছু করা, হওয়া, যাওয়া ইত্যাদি কাজ করা বুঝায় তাকে Verb বলে। (A Verb is a word that expresses the doing of an action or being.)

**উদাহরণ :** am, is, are, was, were, have, has, had, read, come, go, write, play, speak, tell, run, eat, drink ইত্যাদি।

এখন নিচের Sentence গুলোতে underline করা word গুলো লক্ষ কর, এগুলো এক একটি কাজ বুঝা" ছ।

Abir <u>helps</u> (সাহায্য করা) the man.

Nipun <u>is</u> (হয়) a good girl.

Kona <u>broke</u> (ভেঙ্গেছিল) the glass.

5. **Adverb (ক্রিয়া বিশেষণ, ভাব বিশেষণ বা বিশেষণের বিশেষণ) :** যে word দ্বারা ম– লত কোনো Verb-এর কাজ কখন, কোথায়, কীভাবে সম• ন্ন হয় তা বুঝায় তাকে Adverb বলে। তবে Adverb কখনও কখনও কোনো Adjective বা অন্য একটি Adverb-কে modify করতে পারে। (An Adverb is a word which expresses mainly the time, place or manner of the action of a Verb. It can also modify an Adjective or another Adverb.)

**উদাহরণ :** slowly, quickly, fast, hard, loudly, happily, softly, rightly, here, there, today, tomorrow, yesterday, very, extremely ইত্যাদি।

এবার উপরের সংজ্ঞার সাথে উদাহরণগুলো মিলিয়ে দেখ, বিষয়টি বুঝতে পারবে।

Nila walks <u>slowly</u>. (কীভাবে)

Reza speaks <u>loudly</u>. (কীভাবে)

Mahmud went <u>there.</u> (কোথায়)

He will come <u>tomorrow</u>. (কখন বা কবে)

6. **Preposition (সম্বন্ধ বা পদান্বয়ী অব্যয়) :** যে word কোনো Noun বা Pronoun-এর প– র্বে বসে সে Noun বা Pronoun এর সঙ্গে বাক্যের অপর কোনো word-এর সম• র্ক প্রকাশ করে তাকে Preposition বলে। (A Preposition is a word that is used before a Noun or a Pronoun to show its relation with some other words or parts of speech in a sentence.)

**উদাহরণ :** At, by, in, on, of, to, up, into, with, within, beside, about, over, under, between, among ইত্যাদি।

7. **Conjunction (সংযোজক অব্যয়) :** যে word দুই বা ততোধিক word, phrase বা clause-কে সংযুক্ত করে তাকে Conjunction বলে। (A Conjunction is a word which joins two or more words, phrases or clauses together in a sentence.)

**উদাহরণ :** And, or, but, not only…….but also, yet, if, though, although, unless, as, so that, when, where, who, what ইত্যাদি।

8. **Interjection (আবেগ বা বিস্ময়সচ্চক অবয়্রি) :** যে word দ্বারা আবেগের সাথে মনের আনন্দ, দুঃখ, বিস্ময়, ঘৃণা, ভয় ইত্যাদি প্রকাশ করা হয় তাকে Interjection বলে। (An Interjection is a word which expresses some strong feelings of the mind emotionally like joy, sorrow, surprise etc.)

**উদাহরণ :** Alas, Hurrah, Bravo, Fie, Hush, Oh, O! ইত্যাদি।

এখন উপরের ছবির নিচে দেওয়া বাক্যটি ভালো করে লক্ষ করে দেখ। কোনো মজার কিছু কি দেখা যায়? মজার ব্যাপারটি হ" ছ এই বাক্যে সবগুলো Parts of Speech- র ব্যবহার রয়েছে। অর্থাৎ, Tom, Jerry, Table- Noun; it- Pronoun; hungry- Adjective; chased; caught- Verb; quickly- Adverb, under- Preposition; and- Conjunction; Wow- Interjection

## Practice



1. **Read the following sentences and write the parts of speech of the underlined words.**

holycrossrajshahi.com



(a) Shamim is a skilled worker. (b) Jayed loves riding on horse. (c) They play cricket in the afternoon. (d) The play was fantastic. (e) He was driving carefully. (f) I helped him carry it. (g) They are walking to the train station. (h) He is a good basketball player because he is tall. (i) He knows that his mission is impossible. (j) The fire spread rapidly and burnt everything.

**Answers**

**1.** (a) skilled- adjective (b) Jayed, riding- noun (c) play- verb (d) play- noun, fantastic- adjective (e) carefully- adverb (f) him, it- pronoun (g) to- preposition, station- noun, (h) good- adjective, because- conjunction, (i) knows- verb, that- conjunction, impossible- adjective, (j) rapidly- adverb

## Use of Nouns 3



Maria is a little girl. She has two beautiful cats. One is big and the other is small. The big one is named Tom and the small one is named Meu Meu. The two cats follow Maria in the house. Maria's parents Mr. Anwar and Mrs. Jeba love the cats very much.

উপরের Underline করা শব্দগুলো কোনো কিছুর নাম। যেমন :
girl, parents, cat- ব্যক্তি ও প্রাণীর সাধারণ নাম।
Maria, Mr. Anwar, Mrs. Jeba, Tom, Meu Meu -যথাক্রমে একজন ব্যক্তির ও বিড়ালের নিজস্ব নাম।

এভাবে, **যে word সারা কোনো ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী, পদার্থ, গুণ ইত্যাদির নাম বুঝায় তাকেই Noun বলে।**

**Kinds of Noun (Noun এর প্রকারভেদ)**

**Noun প্রধানত দুই প্রকার :**

1. Concrete Noun (ইন্দ্রিয়গ্রাহ্য বিশেষ্য)
2. Abstract Noun (গুণবাচক বিশেষ্য)

**1. Concrete Noun :**

যে Noun দ্বারা বাহ্যিক আকৃতি সম• ন্ন কোনো বস্তুকে বুঝায় এবং ইন্দ্রিয় দ্বারা যাকে উপলব্ধি করা যায়, তাকে Concrete Noun বলে। যেমন–Cock, Baby, Computer, Fan ইত্যাদি।

**2. Abstract Noun :**




যে Noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর আকার, পরিমাণ, দোষ, গুণ, অবস্থা বা কার্যের নামকে প্রকাশ করে, এবং যাকে ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করা যায় না বরং অনুভূতি দ্বারা যার উপস্থিতি উপলব্ধি করা যায় তাকে Abstract Noun বলে। যেমন–

(a) গুণের নাম (Quality) : Truthfulness, Radiance, Sweetness, Soundness etc.
(b) অবস্থা (State) : Poverty, Death, Youth, Birth.
(c) মন্দগুণ : Weakness, Poverty, Atrocity, Dishonesty etc.
(d) সংখ্যা : five, fifth, one, second etc.
(e) পরিমাণ : much, more, few, some etc.

Concrete Noun কে চার ভাগে ভাগ করা যায়। যথা :
(i) Proper Noun
(ii) Common Noun
(iii) Collective Noun
(iv) Material Noun

**(i) Proper Noun (নামবাচক বিশেষ্য) :**

Rifat is a good boy.
Dhaka is the capital of Bangladesh.
The Meghna is a big river.

উপরের sentence-গুলোতে Rifat শব্দটি একজন ব্যক্তি/ছেলের নিজস্ব নাম, Dhaka একটি স্থানের নিজস্ব নাম, Bangladesh একটি দেশের নিজস্ব নাম।

অর্থাৎ, **কোনো ব্যক্তি, বস্তু, স্থান প্রভৃতির নিজস্ব যে নাম থাকে সেটি Proper Noun।**

উলেখ্য যে, Proper Noun-এর প্রথম অক্ষর সর্বদা Capital letter হয়।

**(ii) Common Noun (জাতিবাচক বিশেষ্য) :**

Rifat is a good boy. Dipu is a naughty boy.
The Meghna is a big river. The Padma is a big river.

উপরের sentence-গুলোতে Rifat ও Dipu দুটি বালকের যার যার নিজস্ব নাম কিন্তু boy শব্দটি উভয়ের ক্ষেত্রে ব্যবহার করা হয়েছে। আবার Meghna ও Padma দুটি নদীর যার যার নিজস্ব নাম কিন্তু river শব্দটি উভয়ের ক্ষেত্রে ব্যবহার করা হয়েছে।

এভাবে, **যে Noun এক জাতীয় ব্যক্তি, প্রাণী বা বস্তুর সবার ক্ষেত্রে ব্যবহার করা হয় সেটি Common Noun।**

**(iii) Collective Noun (সমষ্টিবাচক বিশেষ্য) :**




Anik, Mitu and Sara read in class six.
I love to eat a bunch of grapes.
He presented me a bouquet of flowers.

উপরের sentence-গুলোতে যেসব noun-এর নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলোর প্রত্যেকটি দ্বারা একটি শ্রেণির কয়েকজনের সমন্বয় বোঝা" ছ এবং নতুন নামে পরিচিত হ" ছ। যেমন কিছু students এর সমন্বয়ে একটি দল করে তার

নাম দেয়া হয় class। তাই class হলো collective noun। এভাবে কিছু grapes এর সমন্বয়ে bunch of grapes; কিছু flowers এর সমন্বয়ে bouquet of flowers, কিছু players এর সমন্বয়ে একটি team ইত্যাদি।

এভাবে, **এক শেণির কিছু সংখ্ক ব্যক্তি বা বস্তু নিয়ে নতুন একটি দল করে তার যে নাম দেয়া হয় তা Collective Noun।**

**(iv) Material Noun (বস্তুবাচক বিশেষ্য) :**

Milk contains vitamin.

Oil floats on water.

The woman is weighing rice.

উপরের sentence-গুলোর যে শব্দের নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলো বিভিন্ন ধরনের বস্তুর নাম। এ সকল বস্তুকে গণনা করা যায় না, কিন্তু মাপা যায়। আমরা বলতে পারি না *a milk, three water অথবা four rice। কিন্তু আমরা বলতে পারি a litre of milk, three gallons of water, four kgs of rice।

এভাবে, **যে Noun সারা কোনো পদার্থের সমুদয় অংশকে অখণ্ডভাবে বুঝায়, কিন্তু সে পদার্থ হতে উৎপন্ন কোনো বস্তুকে বুঝায় না বা যা সংখ্া সারা গণনা করা যায় না, ধু পরিমাণ সারা বুঝা যায় তাকে Material Noun বলে।**

## Countable and Uncountable Nouns

Presentation

**নিচের Sentence-গুলো দেখ**

Yesterday I bought a pencil, a book and a t-shirt from market.

Manik sold four litres of oil, fifty kgs of rice and five kgs of sugar from his shop.

আমরা প্রথম বাক্যে দেখতে পাই pencil, book, t-shirt শব্দগুলো underline করা হয়েছে। এদের প্রত্যেকটিই গণনা করা যায়। অর্থাৎ যেসব **noun**-কে গণনা করা যায় তাদের বলা হয় **Countable noun**। মনে রাখবে Countable noun-এর বেলায় যখন কেবল একটির কথা বলা হয় তখন তার প– র্বে a বা an বসে। যদি একাধিক countable noun-এর কথা বলা হয় তখন noun-টির শেষে সাধারণত s বা es যোগ দেওয়া হয়। এ বিষয়ে পরবর্তীতে বিশদ আলোচনা করা হয়েছে।

আমরা দ্বিতীয় বাক্যে দেখতে পাই oil, rice এবং sugar শব্দগুলো underline করা হয়েছে। এদের কোনটিই গণনা করা যায় না। এ জন্য এ ধরনের **noun**-কে বলা হয় **uncountable noun**। যেহেতু এদের গণনা করা যায় না সেহেতু **uncountable noun** এর প– র্বে **a** অথবা **an** বসে না এবং এদের **plural** করা যায় না।

আমরা প– র্বে যে ৫ রকম noun দেখেছি তাদের মধ্যে কোন্ কোন্টি countable এবং কোন কোনটি uncountable তা দেখা যাক।

Proper noun : যেহেতু proper noun দ্বারা কেবলমাত্র এক ব্যক্তি, বস্তু বা স্থানকে বোঝায় তাই এর বেলায় গণনার প্রশ্ন উঠে না।

Common noun : এটি দ্বারা একজাতীয় সকল প্রাণী, বস্তু, স্থান ইত্যাদি বোঝায়, তাই এটি countable.

Collective noun : এটি countable। আমরা বলতে পারি one class, five classes ইত্যাদি।

Material noun : এটি uncountable.

Abstract noun : এটি uncountable.

**Point to remember :**

তরল পদার্থ (water, milk), বায়বীয় পদার্থ (air, smoke), প্রাকৃতিক ব্যাপার (darkness, heat), গণনা করা যায় না এমন ক্ষুদ্র ক্ষুদ্র কনাবিশিষ্ট পদার্থ (sand, dirt, flour, rice), পাঠ্য বিষয় (physics, chemistry), শুধু অনুভব করা যায় এমন ব্যাপার (love, sympathy), ব্যাধি (cholera, malaria), ভাষা (Bangla, English), খেলাধুলা (football, cricket) ইত্যাদির নাম **uncountable noun।**

মনে রাখবে, Uncountable noun এর প– র্বে কোনো সংখ্যাবাচক শব্দ বসানো যায় না। Countable Noun অনেকগুলো বোঝালে এর প– র্বে many আর অল্প বোঝালে a few বসে। এবং অনেকটা বোঝালে uncountable noun এর প– র্বে much এবং অল্প বোঝালে a little বসে। কিন্তু কিছু এবং প্রচুর বোঝালে countable এবং uncountable উভয়ের প– র্বে some অথবা a lot বসে।

## Practice

**A. Find out the proper nouns from the following words.**

Elephant, Man, New York, Home, Cattle, Dhaka, Mandela, Mashrafe, Happiness, Tension, Pencil, Bangladesh, Asia, India, Snake, Tiger, Oil, Milk.

**B. Underline the common nouns and double underline the collective nouns in the following sentences.**

(i) The house is in Africa. (ii) A large crowd gathered under the tree. (iii) The girls are waiting for the result. (iv) They were attacked by a swarm of bees. (v) Monaco is an expensive city. (vi) Our cricket team is trying hard to win the game. (vii) The crew disappeared in the sea . (viii) Teachers are always respected. (ix) The news attracts the attention of the students. (x) Birds are my favorite animals.

**C. Fill in the gaps using noun from the boxes. There are more words than necessary.**

**01.**

| | | | |
|---|---|---|---|
| years | containers | society | people |
| family | nets | change | water |

A Bonsai tree grows in small (a) —. It is not more than one foot only in spite of ten (b) —old. The Bonsai tree had its origin in China. The aristocratic (c) — of Japan were also fond of it. They had a contribution to its development. A small pot and less soil are required to grow it. Small (d) — are also used to cover the holes at the bottom of the container. This is done only to prevent the soil from flowing out with (e) —.

**02.**

| | | | |
|---|---|---|---|
| self-reliance | education | sectors | family |

| society | change | development | process |
|---|---|---|---|

Proper (a) — provides a learner with opportunities to expose all his latent talents. Its aim is to train him physically and mentally so that he can contribute to his (b) — as well as to the (c) — . An educated man is self-reliant, but he also assists others in attaining (d) —. He is supposed to be well-mannered, kind and sympathetic. So, he is the very person who is needed for the (e) — of the country.

**03.**

| information | globalisation | nets | internet |
|---|---|---|---|
| family | change | world | knowledge |

Information technology has quickened the process of (a) —. In the field of information technology (b) — plays a vital role. It has made the world smaller and brought the world within our reach. It can transmit (c) — within a short time. It has also brought a great (d) — in banking and financial sectors. It has widened our (e) — and made us more thirsty for the unknown.

**04.**

| domination | resources | people | place |
|---|---|---|---|
| freedom | pollution | world | liberty |

(a) — does not descend upon a people; a people must raise themselves to it. It is a fruit that must be earned before it can be enjoyed. That freedom means freedom only from foreign (b) — is an outworn idea. It is not merely the government that should be free, but (c) — themselves should be free. And no freedom has any real value for the common men or women unless it also means freedom from want, freedom from disease and freedom from ignorance. This is the main task which confronts us if we are to take our rightful place in the modern (d) —. So, we must go forward at a double pace bending all our (e) — and energies to this great purpose.

**05.**

| friend | fuel | oxygen | resources |
|---|---|---|---|
| freedom | trees | knowledge | environment |

The people of our country cut down (a) — on a large scale. They use wood as (b) —. Trees are used for burning bricks in the brick fields. That is why, our country is losing her trees largely. But trees are our real (c) —. It provides us with food, clothing, shelter, and oxygen. Without inhaling (d) — we can't live even for a moment. Our (e) — is getting polluted every day. Trees help to prevent air pollution. Really, we can't live without the direct assistance of tree. So, tree planting/ plantation must be practised for our betterment.

**06.**

| oceans | climate | fuel | atmosphere |
|---|---|---|---|
| world | climatilogists | friend | temperature |

The (a) — of the world is undergoing a great change. The world's (b) — is increasing day by day. This increase in global warming is caused by increased amount of carbon dioxide around the earth. Most (c) — believe that the greenhouse effect is the likely cause of global warming. The greenhouse effect is the gradual warming of the (d) — as a result of heat being trapped by environmental pollution. The (e) — are also affected because of pollution caused by human waste and industrial waste products.

**07.**

| friend | publicity | oceans | world |
|---|---|---|---|
| honour | articles | destruction | climate |

Every year, when the Nobel prizes are announced, there is a great deal of (a) — about the winners. They are interviewed on (b) — written about them. This is because winning the Nobel prize is considered by most people the highest (c) — that can be achieved in particular fields of work. The noble thing about the prizes is that they were started by a man who did a great deal of help to the science of (d) —. Having created such a deadly explosive, Nobel felt a need to do something 'Noble" for the (e) —.

**08.**

| pollution | destruction | warming | friend |
|---|---|---|---|
| climate | earth | world | products |

Greenhouse effect is the gradual (a) — of the air surrounding the (b) — as a result of heat being trapped by environmental (c) —. This is exemplified by the (d) — and burning down of tropical rain forests, by traffic that clogs up city streets, by the rapid growth of industry, the use of chlorofluorocarbon (CFC) in packaging and manufacturing commercial (e) —, the use of detergents such as washing powder and washing-up liquid and so on.

**09.**

| country | professionals | earth | culture |
|---|---|---|---|
| brotherhood | problem | trees | friendship |

Education promotes universal (a) —. Since education broadens a person's mentality and outlook, he comes out of the boundary of his own (b) —. He gets acquainted with the tradition and (c) — of other countries of the world. Besides, the brilliant students of the developing countries go to the developed countries for higher education and make (d) — with the students of those countries. Again, the engineers, scientists, doctors and men of other professions of the developed countries with their vast knowledge and rich experience come to the developing countries and train the (e) — of the developing countries.

**10.**

| occurrence | code | problem | country |
|---|---|---|---|
| earthquake | culture | opinion | faultlines |

holycrossrajshahi.com



Experts are divided in their opinion as regards (a) — warning in Bangladesh. Some think that recurrent (b) — of earthquakes in recent years is a sign. Others are of (c) — that though there is the presence of a number of (d) — in the area covering Bangladesh, none of them is active enough to cause serious earthquakes. RAJUK believes that an earthquake resistant building (e) — should be developed to minimize the losses.

**Answers**

**A.** New York, Dhaka, Mandela, Mashrafe, Bangladesh, Asia, India

**B.** (i) The house is in Africa. (ii) A large crowd gathered under the tree. (iii) The girls are waiting for the result. (iv) They were attacked by a swarm of bees. (v) Monaco is an expensive city. (vi) Our cricket team is trying hard to win the game. (vii) The crew disappeared in the sea . (viii) Teachers are always respected. (ix) The news attracts the attention of the students. (x) Birds are my favorite animals.

**C.**

**01.** (a) containers (b) years (c) people (d) nets (e) water
**02.** (a) education (b) family (c) society (d) self-reliance (e) development
**03.** (a) globalisation (b) internet (c) information (d) change (e) knowledge
**04.** (a) Liberty (b) domination (c) people (d) world (e) resources
**05.** (a) trees (b) fuel (c) friend (d) oxygen (e) environment
**06.** (a) climate (b) temperature (c) climatologists (d) atmosphere (e) oceans
**07.** (a) publicity (b) articles (c) honour (d) destruction (e) world
**08.** (a) warming (b) earth (c) pollution (d) destruction (e) products
**09.** (a) brotherhood (b) country (c) culture (d) friendship (e) professionals
**10.** (a) earthquake (b) occurrence (c) opinion (d) faultlines (e) code

# Use of Pronouns 4

যে Word কোনো Noun এর পরিবর্তে ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। যেমন : He, she, it, this, they, etc.

This is a book.
Rahim is a teacher. He is my brother.
Salma is a student. She reads in DU.

**Kinds of Pronoun (Pronoun এর প্রকারভেদ)**

Pronoun কে আট ভাগে ভাগ করা যায় : যথা–

**1. Personal Pronoun (ব্যক্তিবাচক সর্বনাম) :**

যে সকল Pronoun কোনো ব্যক্তি বা বস্তুর নামের পরিবর্তে ব্যবহৃত হয়, তাদেরকে Personal Pronoun বলে।




উদাহরণ : I, we, us, you, your, he, him, his, her, they, their, them, me, my etc.

এবার নিচের বাক্যগুলো পড়:

I am your English teacher. I will tech you 'person' today. You will learn about persons. But Tipu is absent today. He will miss the lesson.

উপরের উদাহরণে দেখা যাে" ছ, I বলতে বুঝাে" ছ যে কথা বলছে; You বলতে বুঝাে" ছ যাকে বলছে এবং He বলতে বুঝাে" ছ যার সম্বন্ধে বলছে। এভাবে ইংরেজিতে তিনটি person আছে। যেমন :

First person– যে বা যারা কথা বলে।
Second person– যাকে বা যাদেরকে উদ্দেশ্য করে কথা বলা হয়।
Third person– যার বা যাদের সম্বন্ধে কথা বলা হয়।

এ তিনটি person এর স্থলে যে সকল pronoun ব্যবহার করা হয় তাদের বলা হয় Personal Pronouns। Personal pronouns-এর তালিকা নিচের ছকে দেয়া হলো।

| *Person* | *Singular* | *Plural* |
|---|---|---|
| First Person | I | We |
| Second Person | You | You |
| Third Person | He, She, (It), Kamal | They |

**2. Demonstrative Pronoun (নির্দেশক সর্বনাম) :**

যে Pronoun কোনো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে বসে সেটিকে নির্দেশ করে তাকে Demonstravitve Pronoun বলে। যেমন : This, that, such, these, those, it.

**3. Distributive Pronoun :**

যে Pronoun দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুকে পৃথক পৃথকভাবে নির্দেশ করে তাকে Distributive বলে। যেমন : each, every, either, neither.

Each of the two boys is good.
Every girl in the class is brilliant.

**4. Indefinite Pronoun (অনির্দিষ্টবাচক সর্বনাম) :**

যে Pronoun অনির্দিষ্ট কোনো ব্যক্তি বা বস্তুকে বুঝায় তাকে Indefinite Pronoun বলে। যেমন : One, none, any, anyone, anybody, anything, everyone, everything,

holycrossrajshahi.com



some, someone, somebody, something.
Anyone can do it. Someone is coming.

5. **Interrogative Pronoun :** যে Pronoun দ্বারা কোনো কিছু জানতে চাওয়া হয় অর্থাৎ প্রশ্ন করা হয় তাকে Interrogative Pronoun বলে। যেমন : Who, what, which, when, where, whom, whose.
Who is doing the work?
Which is your pen?
What is your name?

6. **Relative Pronoun :**
যে Pronoun দুইটি বাক্যাংশকে যুক্ত করে, তাকে Relative Pronoun বলে। যেমন : Who, what, which, when, where, whose, whom, that.
I know where he lives.
I have a pet bird which can talk.
I saw that he was reading.
এখানে প্রথম বাক্যে I know এবং he lives দুইটি বাক্যাংশ এবং where দ্বারা যুক্ত করা হয়েছে।

7. **Reciprocal Pronoun :**
Reciprocal Pronoun দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে পারস্• রিক সম্• র্ক বুঝাতে ব্যবহৃত হয়। যেমন :
Each other, one another.
The two friends help each other. (দুইজনের মধ্যে)
They embraced one another. (অনেকের মধ্যে)

8. **Reflexive Pronoun/ Emphatic Pronoun :**
যে Pronoun নিজের সম্• র্কে কিছু বলে তাকে Reflexive Pronoun বলে। মনে রাখবে, একটি verb এর Subject ও Object একই হলে Object হিসেবে Reflexive Pronoun ব্যবহার করা হয়। যেমন :

They killed themselves. (তারা আত্মহত্যা করল।)

Selina looked at herself. (সেলিনা নিজের দিকে তাকাল।)

**Note :** Self বা Selves যুক্ত Pronoun গুলোই Reflexive Pronoun.

• **Emphatic Pronoun :**
Self (একবচনে) বা selves (বহুবচনে) যুক্ত Personal Pronoun যখন Subject এর পরেই বসে তার ওপর জোর প্রদান করে তখন তাকে **Emphatic Pronoun** বলে। যেমন :
I myself did the work. (আমি নিজেই কাজটি করেছিলাম।)
We ourselves did the work. (আমরা নিজেরাই কাজটি করেছিলাম।)

## Practice

**A. Find out the pronouns in the following sentences and classify them.**
(a) Pronoun is a kind of parts of speech. It replaces a noun. (b) They live in the same area. (c) I saw someone there. (d) He punished himself. (e) What made you cry? (f) Who asked the question? (g) Everybody was surprised to see him. (h) One man died on the spot. (i) Her father understood that she was exceptional. (j) We were looking at each other.

**B. Find out the wrong use of pronoun and correct them.** (*One is done for you.)*
*I met her brother last night. She (**Correct: He)** was returning from office then.*
(a) Helen was quite healthy when he was born. (b) Zishan are Hasan are getting bored because he has been waiting for 2 hours. (c) Then came the spring she is the best season. (d) Ashish and Arun are two players. I have known him for a long time. (e) Anwar returned from school a few minutes ago. It is taking rest now.

**C.**

**01. Fill in the gaps using simple pronouns from the list given in the box.**

| which | It | everybody's | hers | anyone |
|---|---|---|---|---|

(a) Ask —. They will tell you that he is an honest man.
(b) I read a story. — is very interesting.
(c) Things have been arranged to — satisfaction.
(d) This umbrella is — .
(e) He made a long speech — was boring.

**02. Fill in the gaps using simple pronouns.**

| anybody | himself | either | who/ nobody |
|---|---|---|---|

(a) The manager spoke to — .
(b) — chose it for them?
(c) — believes a liar.
(d) Did — telephone me?
(e) I don't like — of the boys.

**03. Fill in the gaps using simple pronouns from the list given in the box.**

| something | anything | himself | what | Any of |
|---|---|---|---|---|

(a) The man killed — .
(b) — were the class 8 students given.
(c) I saw — in the air.
(d) — these pens is good.
(e) Do you want — else?

**04. Fill in the gaps using simple pronouns from the list given in the box.**

| anybody | all | any | you | anything | another |
|---|---|---|---|---|---|

(a) — men are subject to error.
(b) You have given an example. Can you give —?
(c) You can buy this book from — shop.
(d) The subject is easy. — can learn it.
(e) The situation is uncertain. — might happen.

**05. Fill in the gaps using simple pronouns from the list given in the box.**

| nothing | something | none | everything | somebody |
|---|---|---|---|---|

(a) — but the rich can afford a car.
(b) — comes out of nothing.

holycrossrajshahi.com



(c) — must have taken my pen.
(d) We must do — to improve in English.
(e) — went according to plan.

**D. Fill in the gaps using pronouns from the list given in the box.**

**01.**

| | | | |
|---|---|---|---|
| our | it | they | he |
| my | we | them | she |

Amongst all the exhibitions, the book fairs are of recent origin. (a) — are frequently held in towns and cities now. Last year (b) — visited Ekushey Boi Mela in Bangla Academy premises. There were a number of stalls and thousands of books were displayed. (c) — was a great opportunity of collecting a varied choice of books. In the fair, book lovers crowd there. I was tempted to buy a lot of books but (d) — purse didn't permit me. So I bought a few books and had a lot of catalogues. However a book fair spreads the message that books are the best friends. Books enlarge our vision and make (e) — life meaningful.

**02.**

| | | | |
|---|---|---|---|
| our | it | they | it |
| they | we | them | she |

Food habit of people differs from country to country because of geographical position, climate and soil. (a) — changes with the passage of time. People living in the tropical countries eat a lot of fruits and vegetables. (b) — also eat a lot of fish. The people of Hawaii and Polynesia in the Pacific live on taro roots, bread, fruit and sea food. The chief food of the Indians of Central America are fruit and vegetables because (c) — get these things available. The Eskimos eat meat and fish because (d) — is too difficult for (e) — to grow vegetables in the regions which are covered with ice.

**03.**

| | | | |
|---|---|---|---|
| we | it | they | it |
| they | we | them | she |

Mobile phone is one of the wonderful gifts of modern science. (a) — has added a new dimension to (b) — life and communication system. Through mobile phone, (c) — can send messages to distant places, play games and sports, know about time, solve the work of calculation and be aware of different kinds of news and views. At present, the popularity of mobile phone is increasing. In a very single moment, (d) — can communicate with the people living in a very distant place by using (e) —.

**04.**

| | | | |
|---|---|---|---|
| he | it | they | |
| us | we | them | our |

Good manners form an important part of (a) — education. Our education remains incomplete if (b) — don't learn good manners. In our conduct with others we must show proper respect for (c) –. We should have a sense of fitness in our behaviour with others. We should show respect to our superiors. (d) — is necessary for a disciplined society. Good manners cost (e) — nothing. So, good manners should be a part of our nature.

**05.**

| | | | |
|---|---|---|---|
| it | them | us | our |
| we | their | he | they |

People around the world are slowly changing (a) — attitude towards medicine. More and more (b) — are turning to natural cures. Natural cures are antidote of natural things, most of herbs and plants. History says that natural or herbal remedies are nothing new. People used (c) — all along in different ages. Herbal medicines were used in civilizations like India, China, Greece, Egypt and Rome. Some ancient treatment is still in practice today. But in (d) — society there are still some malpractices in the name of treatment. (e) — should stop these malpractices.

**06.**

| | | | |
|---|---|---|---|
| ourselves | we | it | us |
| it | they | our | them |

Road accidents have become a common feature of everyday life in (a) — country, Bangladesh. A lot of reasons act behind (b) —. Roadside environment, poor design of junctions and road sections, excessive speed, dangerous overtaking, reckless driving, disobeying mandatory traffic rules, variety of traffics' characteristics and defects of vehicles are the principal reasons of (c) —. Besides road accidents are the major challenges for the development of Bangladesh. (d) — should search the way how to overcome these fatal problems and save (e) —.

**07.**

| | | | |
|---|---|---|---|
| one | their | it | ourselves |
| us | they | our | our |

(a) — is neighbourly feeling that binds society together. In very olden times, however, people did not think like this. (b) — were then savages little better than beasts and fought with (c) — another. But gradually men became civilized. They saw that if they behaved in this way, society would be destroyed. So, (d) — made certain rules to properly guide (e) — conducts. Today the situation is totally changed.

**08.**

| | | | |
|---|---|---|---|
| them | us | he | she |
| it | their | our | we |

(a) — freedom fighters are the real heroes of our country. (b) — should remember (c) — as they sacrificed their lives for motherland. But (d) — is a matter of great regret that most of them are neglected and our young generation do not know about (e) — valiant struggle. Still today many of them have not been found out or really

holycrossrajshahi.com



established. Some of them lead very poor life. So the govt. should take proper step and give them right honour.

**09.**

| | | | |
|---|---|---|---|
| them | they | us | we |
| their | he | our | it |

While eating food (a) — should bear in mind that we don't eat just to satisfy (b) — hunger or to fill the belly. We eat to preserve our health. Good health needs good food. Sometimes (c) — so happens that people who live in the midst of plenty of food do not eat right food because they have no knowledge about the science of health and nutritions. (d) — do not know how to select a balanced diet from many foods that are necessary to (e) —.

**10.**

| | | | |
|---|---|---|---|
| our | their | us | them |
| It | one | they | we |

Education removes our ignorance and gives (a) – – light of knowledge. In respect of imparting education there should be no discrimination between man and woman. (b) — is one of the basic human rights. If (c) — deprive women of (d) — right of education, almost half of (e) — population will remain in darkness. No development can be brought about without participation of women. So the govt. is doing everything to educate the women folk.

## Answers

**A.**

(a) It- demonstrative pronoun (b) They- personal pronoun (c) I- personal pronoun, someone- indefinite pronoun (d) He- personal pronoun, himself- Reflexive pronoun (e) what- interrogative pronoun (f) who- interrogative pronoun (g) everybody- indefinite pronoun (h) one- indefinite pronoun (i) Her- personal pronoun, that- relative pronoun, she- personal pronoun

**B.** (a) Helen was quite healthy when **she** was born. (b) Zishan are Hasan are getting bored because **they have** been waiting for 2 hours. (c) Then came the spring **which** is the best season. (d) Ashish and Arun are two players. I have known **them** for a long time. (e) Anwar returned from school a few minutes ago. **He** is taking rest now.

**C.**

**01.** a. anyone b. It c. everybody's d. hers e. which
**02.** a himself b. Who c. Nobody d. anybody e. either
**03.** a. himself b. What c. something d. Any of e. anything
**04.** a. All b. another c. any d. Anybody e. Anything
**05.** a. None b. Nothing c. Somebody d. something e. Everything

**D.**

**01.** (a) They (b) I (c) It (d) my (e) our
**02.** (a) It (b) They (c) they (d) it (e) them
**03.** (a) It (b) our (c) we (d) we (e) it
**04.** (a) our (b) we (c) them (d) It (e) us
**05.** (a) their (b) they (c) them (d) our (e) We
**06.** (a) our (b) it (c) it (d) We (e) ourselves
**07.** (a) It (b) They (c) one (d) they (e) their
**08.** (a) Our (b) We (c) them (d) it (e) their
**09.** (a) we (b) our (c) it (d) They (e) them
**10.** (a) us (b) It (c) we (d) their (e) our

# Use of Adjectives 5

Tito and Ditto are friends. Tito is tall and Ditto is short. They have brown hair. The man is old with long white beard.




উপরের ছবিটির দিকে এবং তার পাশে দেওয়া ছবির বর্ণনার দিকে লক্ষ করো। Tito এবং Ditto কে বর্ণনা করার জন্য যথাক্রমে tall এবং short, তাদের চুলের রঙের বর্ণনা দিতে brown শব্দটি ব্যবহার করা

holycrossrajshahi.com



হয়েছে। আবার বৃদ্ধ লোকটির বর্ণনা দিতে old, long, white এই শব্দগুলোর ব্যবহার করা হয়েছে।

এভাবে, **কোনো noun কে বর্ণনা করার জন্য যে শব্দ ব্যবহার করা হয় তা হলো adjective।**

**প্রকারভেদ :**

রূপভেদে বিভিন্ন প্রকার Adjective-কে নিম্নোক্ত শ্রেণিতে বিভক্ত করা যায়। যথা :

**(a) Adjective of Quality :** যে সকল Adjective কোনো ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ, অবস্থা বা পরিচয় প্রকাশ করে, তাদেরকে Adjective of Quality বলে। যেমন :

Maruf is honest.

This is a white cow.

It is a ripe mango.

The pen is new.

মনে রাখবে, adjective of quality -এর মধ্যে কোনো ব্যক্তি বা বস্তুর colour, shape, size, taste, physical condition, mental condition অন্তর্ভুক্ত।

**(b) Adjective of Quantity :** যে সকল Adjective কোনো Noun-এর পরিমাণ নির্দেশ করে তাদেরকে Adjective of Quantity বলে। এ জাতীয় adjective সাধারণত material noun ও abstract noun এর পর বসে। যেমন :

There is little milk in the glass.

He has much money.

I want some rice.

Some শব্দটি সাধারণত হ্যাঁ-বোধক বাক্যে বসে এবং any শব্দটি না-বোধক ও প্রশ্ন-বোধক বাক্যে বসে।

**(c) Adjective of Number or Numeral Adjective :**

যে সকল Adjective কোনো Noun-এর সংখ্যা, ক্রমানুসারে অবস্থান বা পর্যায় বুঝায় তাদেরকে Adjective of Number বলে।

এ জাতীয় adjective সাধারণত countable noun এর পর বসে। যেমন :

He has five pens.

January is the first month of the year.

উল্লেখ্য Adjective of Number আবার দুই প্রকার। যথা :

**(i) Definite Numeral Adjective :** One, two, three, first, second ইত্যাদি।

**(ii) Indefinite Numeral Adjective :** All, some, many ইত্যাদি যেমন : all boys, some babies, many students ইত্যাদি।

☑ All, some এই Adjective গুলো Adjective of Quantity (পরিমাণবাচক বিশেষণ)ও হতে পারে যদি তাদের পর Uncountable Noun বসে। যেমন: **all** happiness ।

☑ Adjective of Number কে cardinal adjective ও ordinal adjective এই দুভাগেও ভাগ করা হয়। cardinal adjective বলতে নির্দিষ্ট সংখ্যাবাচক adjective কে বুঝায়। যেমন: one, two, three ইত্যাদি। আবার ordinal adjective বলতে ক্রমবাচক adjective কে বুঝায়। যেমন: first, second, third ইত্যাদি।

**(d) Pronominal Adjective :**

যে সকল Pronoun, Noun এর পর বসে Adjective এর কাজ করে তাদেরকে Pronominal Adjective বলে। যেমন : my, his, her, your, this, that, what, which, whose, every, each ইত্যাদি।

**উদাহরণ :** My name is Faruk.

That book belongs to me.
Which book do you want?
What is your name?
Each boy got a prize.

Pronominal Adjective কে চার ভাগে ভাগ করা যায়।

| Demonstrative (নিকটবর্তী ও দূরবর্তী নির্দেশক শব্দ যখন noun এর পর বসে adjective এর কাজ করে) | Interrogative (which, what, whose যখন noun এর পর বসে adjective এর কাজ করে) | Distributive (each, every, either, neither যখন noun এর পর বসে adjective এর কাজ করে) | Possessive (কারো অধিকার প্রকাশক শব্দ যখন noun এর পর বসে adjective এর কাজ করে) |
|---|---|---|---|
| This book is expensive. | Which pen do you want? | Each boy will have a candy. | This is my book. That is your pen. |

**(e) Emphasizing Adjective :**

যে Adjective দ্বারা জোর বা গুরুত্ব বুঝায় তাকে Emphasizing Adjective বলে। যেমন : This is the very boy who came first in the exam.
This is the very thing that I want.
I have done this with my own hand.

**(f) Proper Adjective :**

Proper Noun হতে যে সকল Adjective গঠিত হয় তাদেরকে Proper Adjective বলে। যেমন : I am a Bangladeshi citizen. Shuvo is an Indian citizen.

**(g) Participle Adjective :**

